



আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

বাংলাদেশ প্রতিদিন, ১৭-০৮-২০২৪, অনলাইন

হট করে সিদ্ধান্ত নেওয়া ঠিক হয়নি

মোহাম্মদ ফরাসউদ্দিন



বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দিন বলেছেন, আমি মনে করি ব্যাংক একীভূত (মার্জার) করার সিদ্ধান্ত হট করে নেওয়াটা ঠিক হয়নি। আরও চিন্তাভাবনা করে প্রত্যেকটি ব্যাংকের সম্পদ ও দায় প্রতিষ্ঠিত অডিটরকে দিয়ে হিসাবনিকাশ করে যদি দুটি ব্যাংক একীভূত করতে চায় তাহলে করতে পারে। অর্থ মন্ত্রণালয়ে এখনো ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ আছে। এটা মন্ত্রণালয় করছে, নাকি বাংলাদেশ ব্যাংকের উদ্যোগে হচ্ছে

এটা পরিকার না। যদি সরকারের পক্ষ থেকে করা হয়ে থাকে, তাহলে একীভূত করার এখতিয়ার সরকারের। দেশের ব্যাংক ব্যবস্থায় অনেক দুর্নীতি আছে, অস্বচ্ছতা আছে। বলা হচ্ছে ব্যাংক মুদ্রা পাচারের সঙ্গে জড়িত। ঠিকমতো মুদ্রানীতি করা হচ্ছে না। এগুলোর দিকে নজর দেওয়া উচিত। গতকাল বাংলাদেশ প্রতিদিনকে দেওয়া এক সাক্ষাত্কারে এসব কথা বলেন তিনি। তিনি বলেন, একীভূতকরণ সারা বিশ্বেই আছে। শুধু ব্যাংক নয়, কর্পোরেট প্রতিষ্ঠানও একীভূত হয়ে থাকে। যদিও একীভূতকরণের আইন নাই বাংলাদেশে। কিন্তু ব্যাংক কোম্পানি আইনে ব্যবস্থা আছে এবং অতীতে দুর্বার একীভূত হয়েছে। একীভূত করার ফলে খারাপ ব্যাংক ভালো হলে মন্দ কী। কিন্তু বলা হচ্ছে দেশে ব্যাংকের সংখ্যা বেশি, সেই জন্য মার্জ (একীভূত) করা দরকার। এটা কিন্তু কোনো কাজের কথা নয়। অন্যরা এটা নিয়ে বিভাস্তি ছড়াচ্ছেন। কিন্তু আমি সবসময় বলি ব্যাংকের সংখ্যার চেয়ে ব্যাংকের শাখার সংখ্যা অধিক গুরুত্বপূর্ণ। একটা ব্যাংকের ৫টা শাখা ও থাকতে পারে আবার ৫০০ শাখা ও থাকতে পারে। আমাদের দেশে ব্যাংকের একটি শাখা ১৫ হাজার মানুষকে সেবা দেয়। আর ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা ১২ হাজার মানুষকে সেবা দেয়। সেই হিসাবে ব্যাংকের আরও শাখা হওয়া দরকার। এখন ব্যাংক একীভূত করলে শাখা কমবে মনে হয় না। মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, বলা হচ্ছে রাজনৈতিক বিবেচনায় ব্যাংক দেওয়া হয়েছে-এটা অনেকাংশেই সত্য। সবই রাজনৈতিক সরকার দিয়েছেন এবং এটা ভালো কথা নয়। কিন্তু ব্যাংক মার্জ করে সেই সমস্যার সমাধান করা যাবে কি-না সে বিষয়ে সবাই একমত নয়। ব্যাংকের পরিচালনা পর্যন্ত রাজনৈতিক প্রভাবমুক্ত করার দাবি আছে সর্বমহলে। সবার আগে এটা করা দরকার। যা এখনো করা হচ্ছে না। একটা ভালো ব্যাংককে খারাপ ব্যাংকের সঙ্গে একীভূত করে ভালো ব্যাংকটাকে খারাপ করে দেওয়া হচ্ছে কি-না কে জানে। প্রত্যেকটা ব্যাংকের একটা নিজস্ব সংস্কৃতি থাকে, একটা মানব সম্পদ ব্যবস্থাপনা থাকে। একীভূত করে দিলে এই সংস্কৃতির কী হবে। অনেক কিছুর ইউনিফর্ম থাকলেও ব্যাংকের সবকিছু ইউনিফর্ম না বলে তিনি উল্লেখ করেন।